

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১২৭৯(আগরতলা-১৭।০৭)

আমবাসা, ১৭ জুলাই'১৭

আমবাসায় যুব বিষয়ক সচেতনতামূলক আলোচনাচক্র অনুষ্ঠিত

আমবাসা পঞ্চায়েতরাজ প্রশিক্ষণ কেন্দ্রে যুব বিষয়ক সচেতনতামূলক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আমবাসা পুর পরিষদ এবং ব্লক ভিত্তিক এই আলোচনাচক্রের উদ্বোধন করেন বিধায়ক ললিত কুমার দেববর্মা। তিনি এ ধরনের আলোচনাচক্রের গুরুত্ব ও প্রয়োজনীয়তা ব্যাখ্যা করেন এবং যুব সমাজকে সমাজ ও দেশের কল্যাণে এগিয়ে আসার আহ্বান জানান।

প্রধান অতিথির ভাষণে আমবাসা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান তপতী ভট্টাচার্য বলেন, যুব সমাজ হচ্ছে দেশের ভবিষ্যৎ। তাদের সুন্দর সমাজ ও দেশ গড়ার কাজে মুখ্য ভূমিকা নিতে হবে। এছাড়া, আলোচনায় অংশ নেন আমবাসা পুর পরিষদের চেয়ারপার্সন চন্দন ভৌমিক, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক কার্যালয়ের আধিকারিক অর্ণব দেবরায়, মহকুমা পুলিশ আধিকারিক প্রণব দেবনাথ প্রমুখ। এ উপলক্ষ্যে আয়োজিত হয় কুইজ প্রতিযোগিতা। অনুষ্ঠান শেষে প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়। স্বাগত ভাষণ রাখেন ধলাই জেলা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের উপ অধিকর্তা পাইমং মগ।
